গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০০৮.২৩.০১৫.১৯(অংশ-১)-১২৮

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭
০৯ মার্চ ২০২১

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের নিমিত্ত ১৭-২৬ মার্চ পর্যন্ত ধারাবাহিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০২.০৩.২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের নিমিত্ত ১৭-২৬ মার্চ পর্যন্ত ধারাবাহিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

(খোন্দকার মো: নাজমুল হুদা শামিম)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)
ফোন: +৮৮০২৪১০৫০২৪৩
ই-মেইল: admin2@mor.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):**

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা।
০৪। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
০৫। যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৬। অতিরিক্ত মহাপরিচালক (আরএস/আই/এমএন্ডসিপি/অপা/অর্থ:), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৭ সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), রেলপথ মন্ত্রণালয়, ঢাকা।
০৯। উপসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১০। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা/চট্টগ্রাম/লালমনিরহাট/পাকশী।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৩। সহকারী প্রোগ্রামর (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৪। হিসাবরক্ষণ অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

**অনুলিপি:**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mor.gov.bd

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের নিমিত্ত ১৭-২৬ মার্চ তারিখ পর্যন্ত ধারাবাহিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভা।

**সভাপতি** : **জনাব মো: সেলিম রেজা**
সচিব
রেলপথ মন্ত্রণালয়

**তারিখ** : ০২ মার্চ, ২০২১

**সময়** : বিকাল ৪.০০ টা

**সভার উপস্থিতি:**

সভায় রেলমন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব, উপসচিব, সিনিয়র সহকারী সচিব ও সহকারী সচিবগণ এবং বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভার উপস্থিতি **পরিশিষ্ট 'ক'** তে উপস্থাপন করা হলো।

**০২। সভার প্রারম্ভিক আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের নিমিত্ত ১৭-২৬ মার্চ পর্যন্ত ধারাবাহিক অনুষ্ঠান আয়োজনের জন্য আজকের এই প্রস্তুতিমূলক সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি দশ দিনব্যাপী এই কর্মসূচি সফল ও সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে আলোচনায় অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য আহবান জানান। তিনি আলোচ্য বিষয় ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য যুগ্ম-সচিব (প্রশাসন) কে অনুরোধ করেন।

২.১। যুগ্ম-সচিব (প্রশাসন) সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, চলমান বৈশ্বিক মহামারির কারণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী দেশ জুড়ে ভিন্ন আঙ্গিকে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদযাপিত হচ্ছে। সরকার কর্তৃক মুজিববর্ষের মেয়াদ পূর্বঘোষিত ১৭ই মার্চ ২০২০ তারিখ থেকে ২৬ মার্চ ২০২১ তারিখের পরিবর্তে ১৬ই ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি আগামী ১৭ই মার্চ থেকে ২৬ শে মার্চ পর্যন্ত দশ দিনব্যাপী ধারাবাহিকভাবে অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কেন্দ্রীয়ভাবে আয়োজিত দশ দিনব্যাপী অনুষ্ঠান ঢাকাস্থ জাতীয় প্যারেড স্কয়ার থেকে প্রতিদিন সরাসরি সম্প্রচার করা হবে। জাতীয় কমিটির কেন্দ্রীয় অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা ও অন্যান্য সরকারি দপ্তরসহ স্থানীয় প্রশাসন কর্তৃক যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নিজস্ব কর্মসূচি গ্রহণের বিষয়ে সুপারিশ করা হয়। তিনি উল্লেখ করেন যে, ইতোপূর্বে মুজিব বর্ষ পালন উপলক্ষ্যে গৃহীত কয়েকটি কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ১৭-২৬ মার্চ সময়ের মধ্যে পালনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২.২। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব **(প্রশাসন-২)-**সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

০৩। **বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ**

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১ | সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে ১৭ই মার্চ ২০২১ তারিখে **জাতীয় পতাকা উত্তোলন** | রেলভবনসহ রেলপথ মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তরে ১৭ই মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। অতিরিক্ত সচিব (প্রশা:),<br>৩। জি এম (পূর্ব/পশ্চিম)<br>৪। জি আই বি আর<br>৫। ডি আর এম (সকল), বাংলাদেশ রেলওয়ে। |
| ৩.২ | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের **প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন** | রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের ঢাকাস্থ রেলভবনে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী ৩২ নম্বর ধানমন্ডিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করবে। এ উপলক্ষ্যে সকল কর্মকর্তা কর্মচারী সকাল ৮ টায় মিরপুর রোডস্থ রাসেল স্কয়ারে সমবেত হবেন। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। অতিরিক্ত সচিব (প্রশা)/যুগ্ম সচিব (প্রশা)/উপসচিব (প্রশা-৪), রেলপথ মন্ত্রণালয়।<br>৩। জি আই বি আর। |
| ৩.৩ | মসজিদ মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে **বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন** | কমলাপুর রেলস্টেশনে এ দিবস উদযাপনে বিশেষ আলোচনাসভা ও মিলাদ মাহফিলের আয়োজন করা হবে। এছাড়া জিএম (পূর্ব/পশ্চিম) ও ডিআরএমগণ নিজ নিজ অধিক্ষেত্রে আলোচনাসভা ও মিলাদ মাহফিলের আয়োজন করবেন। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। জি এম (পূর্ব/পশ্চিম)<br>৩। জি আই বি আর<br>৪। ডি আর এম (সকল), বাংলাদেশ রেলওয়ে। |
| ৩.৪ | **দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে খাবার/মিষ্টান্ন বিতরণ** | ১৭ মার্চ ঢাকাস্থ কমলাপুর স্টেশন এবং রাজশাহী স্টেশনে একটি করে মোট দুটি ট্রেনের যাত্রীদের মধ্যে মিষ্টি বিতরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। জি এম (পূর্ব/পশ্চিম) |
| ৩.৫ | রেলভবনে মুজিববর্ষ উদ্যাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ **ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ** | রেলভবন এবং জি এম পূর্ব ও পশ্চিমাঞ্চলের কার্যালয় ব্যানার, ফেস্টুন দিয়ে সজ্জিতকরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। জি এম (পূর্ব/পশ্চিম) |
| ৩.৬ | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে **সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জায় ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান** পরিচালনা; | রেলভবন, কমলাপুর রেলস্টেশন এবং জিএম পূর্ব ও পশ্চিমাঞ্চলের কার্যালয় আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। জি এম (পূর্ব/পশ্চিম) |
| ৩.৭ | **শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিজস্বভাবে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন।** | বাংলাদেশ রেলওয়ের সকল ট্রেনিং ইন্সটিটিউটে দিবসটি উপলক্ষ্যে আলোচনাসভার আয়োজন করবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, |
| ৩.৮ | যে সকল জায়গায় **বঙ্গবন্ধু স্মৃতি বিজড়িত স্থান** আছে সে সকল স্থানে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন; | বেনাপোল রেলস্টেশনে দিবসটি উপলক্ষ্যে আলোচনাসভা ও দোয়া মাহফিলের আয়োজন করবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। জি এম (পশ্চিম) |
| ৩.৯ | বড় বড় রেলস্টেশনে বিভিন্ন স্থানে স্থাপনকৃত বড় আকারের এলইডি স্ক্রিনে স্বাধীনতা ও **বঙ্গবন্ধুর উপরে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শন** | রেলভবনের সামনে এবং বাংলাদেশ রেলওয়ের সকল বড় বড় রেলস্টেশনের বিভিন্ন স্থানে স্থাপনকৃত বড় আকারের এলইডি স্ক্রিনে স্বাধীনতা ও বঙ্গবন্ধুর উপরে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শনের ব্যবস্থা করবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। জি এম (পূর্ব/পশ্চিম)<br>৩। ডি আর এম (সকল), বাংলাদেশ রেলওয়ে। |

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১০ | মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিভিন্ন সরকারি দপ্তর ও প্রতিষ্ঠান কর্তৃক মহান স্বাধীনতার সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, **জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার** ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ ম্যাপ অনুযায়ী ব্যবহার। | রেলভবনে এবং বাংলাদেশ রেলওয়ের সকল বড় বড় রেলস্টেশনের বিভিন্ন স্থানে মহান স্বাধীনতার সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ ম্যাপ অনুযায়ী ব্যবহার করবে। এ ক্ষেত্রে সকলকে জন্ম বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে **(http://www.mujib100.gov.bd)** ওয়বসাইটে গিয়ে পোস্টারের টেমপ্লেট ব্যবহার করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। জি এম (পূর্ব/পশ্চিম)<br>৩। ডি আর এম (সকল), বাংলাদেশ রেলওয়ে। |
| ৩.১১ | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য কর্মসূচির **ভিডিও/তথ্যচিত্র কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও প্রচারের** জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ। | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত উল্লেখযোগ্য কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। জি এম (পূর্ব/পশ্চিম)<br>৩। ডি আর এম (সকল), বাংলাদেশ রেলওয়ে। |

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৩/২০

(মো: সেলিম রেজা)
সচিব
রেলপথ মন্ত্রণালয়